বিষ্ণুপুর মেলা ও উৎসব কমিটি

Website : www.bishnupurmela.in

বিজ্ঞপ্তি

(অডিশন সংক্রান্ত)

বাঁকুড়া জেলা প্রশাসনের উদ্যোগে ও বিষ্ণুপুর মহকুমা প্রশাসনের তত্ত্বাবধানে মন্দিরনগরী বিষ্ণুপুরে ৩৯-তম বিষ্ণুপুর মেলা - ২০২৬ আগামী ২৩-২৭ শে ডিসেম্বর অনুষ্ঠিত হতে চলেছে। এবারের বিষ্ণুপুর মেলার দিনগুলিতে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বিষয়ভিত্তিক অডিশন প্রক্রিয়া অনুষ্ঠিত হবে। অডিশনে অংশগ্রহণের জন্য বিষ্ণুপুর মেলার নির্ধারিত ওয়েবসাইট (**www.bishnupurmela.in**) এর মাধ্যমে নির্দিষ্ট ফর্মে আবেদন করতে হবে। অন্য কোনো মাধ্যমে পাঠানো / কারো মারফৎ / সরাসরি আবেদন পত্র জমা নেওয়া হবে না। অডিশন প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে নির্দিষ্ট দিনে সঠিক স্থানে নিজ উদ্যোগে উপস্থিত হতে হবে। কোন যাতায়াত ভাড়া / পারিশ্রমিক / টিফিন / আহার দেওয়া হবে না। প্রতিযোগিতার নির্ঘন্ট নির্ধারিত **Website** এবং মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তর বিষ্ণুপুর ও বিষ্ণুপুর পৌরসভা ও মহকুমা শাসকের করণ, বিষ্ণুপুর-এর নোটিস বোর্ড মারফৎ জানিয়ে দেওয়া হবে। সর্বক্ষেত্রে **বিভাগ -'ক' -বয়স ১০ থেকে ১৫ বছর এবং বিভাগ -'খ' – বয়স ১৫ বছরের উর্দ্ধে (২৩.১২.২০২৬ অনুযায়ী)**। দলগত প্রতিযোগিতায় সর্বোচ্চ ১২ জন অংশগ্রহণ করতে পারবেন।

ঃ সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়সমূহ ঃ

আবৃত্তি	সঙ্গীত (একক)	নৃত্য	যন্ত্রসঙ্গীত	যোগব্যায়াম	সঞ্চালনা	সঙ্গতকার
১) একক : ক /খ বিভাগ ২) দলগত : (১৫ বছরের উর্দ্ধে)	১)আধুনিক সঙ্গীত : ক / খ বিভাগ ২)রবীন্দ্রসঙ্গীত : ক / খ বিভাগ ৩)নজরুলগীতি : ক / খ বিভাগ ৪)লোকগীতি : ক / খ বিভাগ ৫)ভক্তিগীতি : ক / খ বিভাগ ৬) ধ্রপদ-ধামার : ক / খ বিভাগ ৭) খেয়াল-ঠুংরী- গজল : ক / খ বিভাগ ৮) দেশাত্মবোধক গান : ক / খ বিভাগ	১) শাস্ত্রীয় নৃত্য : একক ক / খ বিভাগ ২) রাবীন্দ্রিক নৃত্য : একক ক / খ বিভাগ ৩) সৃজনশীল নৃত্য : দলগত (১৫ বছরের উর্দ্ধে) ৪) লোকনৃত্য : দলগত (১৫ বছরের উর্দ্ধে)	একক: ক / খ বিভাগ	দলগত : (১৫ বছরের উর্দ্ধে)	একক : (১৮ বছরের উর্দ্ধে)	একক : (১৮ বছরের উর্দ্ধে)

- বিষ্ণুপুর মেলা - ২০২৬ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ **২৭ শে নভেম্বর থেকে ৮ ই ডিসেম্বর,২০২৬** তারিখের মধ্যে বিষ্ণুপুর মেলার ওয়েবসাইটে (**www.bishnupurmela.in**) আবেদনপত্র দাখিল করতে পারবেন।
- বিষ্ণুপুরের ট্রেজারী সংলগ্ন রামশঙ্কর মুক্তাঙ্গন ও ট্রেজারী ভবনের দোতলায় নির্ধারিত নির্ঘন্ট অনুযায়ী সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য অডিশন প্রক্রিয়া চলবে। নির্ঘন্ট **১০ ই ডিসেম্বর ২০২৬** নির্দিষ্ট ওয়েবসাইটে (**www.bishnupurmela.in**) প্রকাশ করা হবে।
- অডিশন আগামী **১১.১২.২০২৬ থেকে ১৩.১২.২০২৬** তারিখ পর্যন্ত চলবে।
- অডিশনের সময় নিজস্ব বাদ্যযন্ত্র নিয়ে আসা যাবে।
- মেলা ও উৎসব কমিটির পক্ষ থেকে হারমোনিয়াম ও বাঁয়া তবলা সহ তবলচি থাকবে।
- সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- বিষ্ণুপুর মেলার অডিশনে যে কোনো একটি বিষয়ে অংশগ্রহণ করা যাবে। কোনোভাবেই একাধিক বিষয়ে আবেদন করা যাবে না। আবেদন করলে আবেদনপত্র গুলির মধ্যে সর্বশেষ আবেদনপত্রটি গ্রহণযোগ্য হবে।
- ১০ বছরের নীচে কোনো প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে না।